

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৯৮

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৬৪. দু'আর ফযিলত।

باب الدُّعَاءِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَاصِمِ بْنِ عُبَيْدِ اللَّهِ، عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنْ عُمَرَ، _ رضى الله عنه _ قَالَ اسْتَأْذَنْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم فِي الْعُمْرَةِ فَأَذِنَ لِي وَقَالَ " لاَ تَنْسَنَا يَا أُخَىَّ مِنْ دُعَائِكَ " . فَقَالَ كَلِمَةً مَا يَسُرُّنِي أَنَّ لِي فِي الْعُمْرَةِ فَأَذِنَ لِي وَقَالَ " لاَ تَنْسَنَا يَا أُخَىَّ مِنْ دُعَائِكَ " . فَقَالَ كَلِمَةً مَا يَسُرُّنِي أَنَّ لِي بِهَا الدُّنْيَا قَالَ شُعْبَةُ ثُمَّ لَقِيتُ عَاصِمًا بَعْدُ بِالْمَدِينَةِ فَحَدَّثَنِيهِ وَقَالَ " أَشْرِكْنَا يَا أُخَىَّ فِي دُعَائِكَ " .

বাংলা

১৪৯৮. সুলায়মান ইবন হারব (রহঃ) উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেনঃ আমি নবী করীম সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামের নিকট উমরাহ জন্য অনুমতি চাইলে তিনি আমাকে অনুমতি প্রদান করে বলেনঃ হে আমার প্রিয় ভাই। তুমি দুআ করার সময় যেন আমাদের কথা ভুলে না যাও। অতঃপর উমার (রাঃ) বলেনঃ নবী করীম সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর এই উক্তি "হে আমার প্রিয় ভাই" আমাকে এত খুশী করে যে, আমি যদি এর পরিবর্তে সমস্ত দুনিয়ার মালিক হতাম, তবুও এত খুশী হতাম না।

রাবী শোবা বলেন, অতঃপর আমি আসেম (রহঃ) এর সাথে মদীনায় সাক্ষাৎ করলে তিনি আমাকে বলেনঃ তখন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উমার (রাঃ)-কে বলেনঃ হে ভ্রাতা। তুমি তোমার দুআর মধ্যে আমাদেরকেও শরীক কর। (তির্মিযী, ইবন মাজা)।

English

Narrated Umar ibn al-Khattab:

I sought permission of the Prophet (ﷺ) to perform umrah. He gave me permission and said: My younger brother, do not forget me in your



supplication.

He (Umar) said: He told me a word that pleased me so much so that I would not have been pleased if I were given the whole world.

The narrator Shu'bah said: I then met Asim at Medina. He narrated to me this tradition and reported the wordings: "My younger brother, share me in your supplication."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

